

## ON-LINE STUDY MATERIAL

### গোবরডাঙ্গা হিন্দু কলেজ

### বাংলা বিভাগ

### STUDY MATERIAL

### CBCS UG 4<sup>th</sup> SEMESTER GENERAL

### DSC/GE COR4

#### UNIT-II টুনটুনির বই

#### অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর(২)

১) "টুনটুনির বই" গল্পগ্রন্থটি কার লেখাঃ

উত্তরঃ "টুনটুনির বই" গল্পগ্রন্থটি উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লেখা। প্রকাশকাল ১৯১০ খ্রীস্টাব্দ।

২) "টুনটুনির বই" গল্পগ্রন্থে টুনটুনিকে নিয়ে সর্বমোট ক'টি গল্প আছে ও কি কি?

উত্তরঃ "টুনটুনির বই" গল্পগ্রন্থে টুনটুনিকে নিয়ে সর্বমোট ৩টি গল্প আছে।

সেগুলি হলো-

ক) টুনটুনি আর বিড়ালের কথা

খ) টুনটুনি আর রাজার কথা

গ) টুনটুনি আর নাপিতের কথা

৩) 'কুঁজো বুড়ির কথা' গল্পে বুড়ির ক'টি কুকুর ছিলো ও তাদের নাম কি কি?

উত্তরঃ 'কুঁজো বুড়ির কথা' গল্পে বুড়ির দু'টি কুকুর ছিলো।

তাদের নাম রঙ্গা ও ভঙ্গা।

৪) 'বোকা কুমিরের কথা' গল্পে কুমির ও শেয়াল মিলে কি কি চাষ করেছিলো?

উত্তরঃ 'বোকা কুমিরের কথা' গল্পে কুমির ও শেয়াল মিলে আলু, ধান ও আখ- এই ৩প্রকার চাষ করেছিলো

## রচনাধর্মী প্রশ্নোত্তর

### প্রশ্ন:

'টুনটুনি আর বিড়ালের কথা' গল্প থেকে পাঠক কি শিক্ষা লাভ করতে পারে তা নিজের ভাষায় আলোচনা করো।

### উত্তর:

বাংলা শিশু-সাহিত্যের পথিকৃৎ হিসেবে যোগীন্দ্রনাথ সরকার ও উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর নাম স্মরণ করা হয়ে থাকে। উপেন্দ্রকিশোর যে-দুটি রচনার জন্য বাংলা শিশুদের কাছে চির-স্মরণীয় হয়ে থাকবেন, সে-দুটি গ্রন্থ হলো "গল্পমালা" ও "টুনটুনির বই"। "টুনটুনির বই" উপেন্দ্রকিশোরের শ্রেষ্ঠ কীর্তি। বাংলার অতি চেনা পশু-পাখির কথোপকথনের মাধ্যমে মানবচরিত্র, সমাজকে সুন্দরভাবে তুলে ধরেছেন গল্পের মাধ্যমে। সেই সঙ্গে শিশুদের শিক্ষা, নীতিশিক্ষা, বুদ্ধি ও কল্পনাশক্তির বিকাশেও গল্পগুলির ভূমিকা অনবদ্য।

"টুনটুনির বই" গল্পগ্রন্থের প্রথম গল্প 'টুনটুনি আর বিড়ালের কথা' গল্পে দেখা যায়, একটি ছোটো টুনটুনি তার তিনটি ছানাকে নিয়ে বেগুন গাছে বাসা বেঁধে বাস করছিলো। একটি দুষ্ট বিড়াল টুনটুনির ছানাগুলিকে খাবার মতলবে রোজ সেখানে যেত। বিড়ালের উদ্দেশ্য বুঝতে পেরে টুনটুনি বুদ্ধিবলে, বিড়ালকে না রাগিয়ে বরং মহারাণী সস্বোধনে খুশি রাখে। এইভাবে দীর্ঘদিন বিড়ালকে ঠকিয়ে রেখেছিলো। তারপর ছানাগুলি পাখামেলে উড়তে শিখলে টুনটুনি তাদেরকে তালগাছের পাতায় গিয়ে বসতে বলে। ছানাগুলি উড়ে তালগাছে চলে যায়। এরপর বিড়াল এলে তাকে গালি দিয়ে, লাথি দেখিয়ে টুনটুনি উড়ে চলে যায়। বিড়াল তাকে ধরতে গিয়ে বেগুন গাছের কাঁটায় আহত হয়।

এই গল্পে আমরা দেখলাম, অসহায় টুনটুনি কীভাবে বুদ্ধিবলে বিড়ালের হাত থেকে নিজেকে আর সন্তানদেরকে রক্ষা করেছে।